

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ঐতিহাসিক ৬ দফা দিবস পালিত

৭ জুন ঐতিহাসিক ৬ দফা দিবস উপলক্ষে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়েছে। আজ বুধবার (৭ জুন, ২০২৩) সকালে নোবিপ্রবির মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলমের নেতৃত্বে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়।

দিবসটি উপলক্ষে সকাল সাড়ে ১০টায় প্রশাসনিক ভবনের সামনে থেকে শোভাযাত্রা শুরু হয়ে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শেষ হয়। কর্মসূচিতে আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস. এম. মাহবুবুর রহমান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মুহাম্মদ আলমগীর সরকার, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক মেজবাহ উদ্দিন পলাশসহ বিভিন্ন অনুষদদের ডিনবন্দ, ইনস্টিটিউটের পরিচালকবন্দ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবন্দ, হলের প্রভোস্টবন্দ, প্রক্টর, শিক্ষক সমিতি ও অফিসার্স এসোসিয়েশনের নেতৃবন্দ, বিভিন্ন সংগঠনের নেতৃবন্দ, দপ্তর প্রধানবন্দ এবং শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবন্দ।

জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন শেষে সংক্ষিপ্ত বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য বলেন, ‘পাকিস্তানিদের শোষণ থেকে এদেশের মানুষের মুক্তির সনদ হিসেবে ছেষ্ট্রির ৬ দফা উপস্থাপন করেছিলেন বাঙালি জাতির অবিসংবাদিত নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বঙ্গবন্ধুর ৬ দফার মধ্যেই বাংলাদেশের স্বাধীনতার বীজ নিহিত ছিল। ঐতিহাসিক ৬ দফা থেকে শিক্ষা নিয়ে নতুন প্রজন্মকে দেশপ্রেমে উদ্বুদ্ধ হতে হবে। আজকের এই দিনে আমি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও স্বাধীনতা সংগ্রামের শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি। জয় বাংলা-জয় বঙ্গবন্ধু।’

উল্লেখ্য, ১৯৬৬ সালের ৫ ও ৬ ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত বিরোধী রাজনৈতিক দলগুলোর এক সম্মেলনে আওয়ামী লীগের পক্ষ থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে ‘৬ দফা দাবি’ পেশ করেন। পরবর্তীতে ১৯৬৬ সালের ৭ জুন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষিত ৬ দফা দাবির পক্ষে দেশব্যাপী তীব্র গণআন্দোলনের সূচনা হয়। এ ছয় দফার মধ্য দিয়েই বাঙালির স্বাধীকার আন্দোলন মহান স্বাধীনতা সংগ্রামে রূপ নেয়।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

